

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫০৬৫

আগরতলা, ৪ মার্চ, ২০২৪

**৪২তম আগরতলা বইমেলা**  
**আকস্মিক বক্তৃতা প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান**

হাঁপানিয়াস্থিত আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে ৪২তম আগরতলা বইমেলা উপলক্ষে আজ আকস্মিক বক্তৃতা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এই প্রতিযোগিতায় বিভিন্ন মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ের ২৩ জন ছাত্রছাত্রী অংশ নেয়। আকস্মিক বক্তৃতা প্রতিযোগিতায় প্রথম হয়েছে ত্রিপুরা ইনস্টিটিউট অব টেকনোলজির তৃষা বণিক। দ্বিতীয় ও তৃতীয় হয়েছে হলিক্রস কলেজের নেন্সি আচার্য ও আগরতলা মহিলা কলেজের শতরূপা দেবনাথ। প্রতিযোগিতায় উপস্থিত ছিলেন বরিষ্ঠ সাংবাদিক দিবাকর দেবনাথ, বিশিষ্ট নাট্যকার ও নির্দেশক পার্থপ্রতিম আচার্য এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের প্রাক্তন উপঅধিকর্তা দেবাশিস নাথ। আগামীকাল সন্ধ্যায় বইমেলার সমাপ্তি অনুষ্ঠানে বিজয়ীদের পুরস্কৃত করা হবে। তাছাড়াও বইমেলার সত্যরাম রিয়াং সাংস্কৃতিক মঞ্চে আজ শাস্ত্রীয় সংগীত, সমবেত সংগীত, একক সংগীত, সমবেত নৃত্য ও পঞ্চকবির গান পরিবেশিত হয়। তাছাড়াও জনজাতি শিল্পীরা একক নৃত্য ও একক সংগীত পরিবেশন করেন। সাংস্কৃতিক অনুষ্ঠান সঞ্চালনা করেন কবি সঙ্গীতা দেওয়ানজি।

\*\*\*\*\*